**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-২ শাখা
www.lgd.gov.bd

**বিষয়: বাংলাদেশের মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে স্থানীয় সরকার বিভাগের বিশেষ প্রকাশনা/ম্যাগাজিন/স্যুভেনির প্রকাশের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব হেলালুদ্দীন আহমদ<br>সিনিয়র সচিব<br>স্থানীয় সরকার বিভাগ |
| সভার তারিখ ও সময় | : | ২৫/১০/২০২১ (সোমবার), বিকাল ০৪:৩০ ঘটিকা |
| সভার স্থান | : | জুম প্ল্যাটফর্ম |

**সভার আলোচনা:**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি বাংলাদেশের স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে এ বিভাগের উদ্যোগে প্রকাশিত 'বঙ্গবন্ধুর রক্তঋণ' শীর্ষক বিশেষ স্মরণিকা মাননীয় প্রধানমন্ত্রী সম্প্রতি মোড়ক উন্মোচন করেছেন। এরই ধারাবাহিকতায় মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের বিগত ৫০ (পঞ্চাশ) বছরের উল্লেখযোগ্য কার্যক্রম, অর্জন ও সাফল্য নিয়ে একটি তথ্যসমৃদ্ধ, সচিত্র ও সুন্দর স্মরণিকা আগামী ১৬ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে প্রকাশ করতে হবে। এ লক্ষ্যে এলজিইডি, ডিপিএইচই, ওয়াসা, সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ সংক্রান্ত প্রতিবেদন/লেখা প্রস্তুতের জন্য পৃথক পৃথক সাব-কমিটি এবং এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) এর নেতৃত্বে একটি মূল প্রকাশনা কমিটি গঠন করতে হবে। তিনি বিভিন্ন অনুবিভাগ প্রধান ও দপ্তর/সংস্থা প্রধানসহ সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধ জানান। পরবর্তীতে তিনি সভাটি সঞ্চালনার জন্য এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব দীপক চক্রবর্তীকে আহবান জানান।

০২. সভাপতির অনুমতিক্রমে জনাব দীপক চক্রবর্তী, অতিরিক্ত সচিব (প্রশাসন) জুম প্ল্যাটফর্মে সংযুক্ত সকলের বিশেষ করে দপ্তর/সংস্থা প্রধান ও অনুবিভাগ প্রধানগণকে তাঁদের সুচিন্তিত মতামত প্রদানের অনুরোধ জানান। জনাব মোঃ আব্দুর রশীদ খান, প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) বলেন, সিনিয়র সচিব মহোদয়ের নির্দেশনা অনুযায়ী এলজিইডি'র বিগত ৫০ (পঞ্চাশ) বছরের উল্লেখযোগ্য কার্যক্রম, অর্জন ও সাফল্য সম্পর্কিত একটি তথ্যভিত্তিক, ফিচারধর্মী প্রতিবেদন/লেখা নির্ধারিত সময়ের মধ্যে প্রস্তুত করা হবে। জনাব মুহম্মদ ইব্‌রাহিম, অতিরিক্ত সচিব(পাস) বলেন, SDG Goal-6 বাস্তবায়নের দায়িত্ব শুধুমাত্র স্থানীয় সরকার বিভাগের, এতে অন্য কোন মন্ত্রণালয়/বিভাগের সম্পৃক্ততা তেমন নেই। তাই পানি সরবরাহ ও স্যানিটেশন ক্ষেত্রে বিগত ৫০ (পঞ্চাশ) বছরের অর্জন সম্বলিত Data Analysis ভিত্তিক একটি প্রবন্ধ/লেখা প্রদান করা যেতে পারে। তিনি আরও বলেন, বিভিন্ন সময়ে এ বিভাগে দায়িত্ব পালনকারী প্রাক্তন সিনিয়র সচিব/সচিব মহোদয়গণকে লেখা প্রেরণের জন্য অনুরোধ করা যেতে পারে। সভায় জনাব মোঃ এমদাদুল হক চৌধুরী, যুগ্মসচিব (পলিসি সাপোর্ট), জনাব মোঃ এরশাদুল হক, যুগ্মসচিব (প্রশাসন), জনাব মোঃ জসিম উদ্দিন, উপসচিব (পরিচালক-২) ও জনাব রিয়াসাত আল ওয়াসিফ, উপসচিব (পরিকল্পনা-৩) সহ অংশগ্রহণকারী অন্যান্য কর্মকর্তাগণ তাঁদের মতামত প্রদান করেন।

০৩. **সভার সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.১ স্থানীয় সরকার বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের বিগত ৫০ (পঞ্চাশ) বছরের উল্লেখযোগ্য কার্যক্রম, অর্জন ও সাফল্য সম্পর্কিত Thematic (বিষয়ভিত্তিক), তথ্যভিত্তিক, ফিচারধর্মী, Graphical Presentation, তথ্যচিত্র ও স্থিরচিত্র সম্বলিত প্রতিবেদন/লেখা সংগ্রহপূর্বক আগামী ১৫ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে মূল প্রকাশনা কমিটির নিকট প্রেরণ নিশ্চিত করবেন; [বাস্তবায়নে: অনুবিভাগ প্রধান (সকল) এবং দপ্তর/সংস্থা/প্রধান (সকল)]

৩.২ এ সংক্রান্ত 'স্মরণিকা প্রকাশনা কমিটি' নিম্নরূপভাবে গঠন করা যেতে পারে:

| | | |
|---|---|---|
| ১. অতিরিক্ত সচিব (প্রশাসন) | - | আহ্বায়ক |
| ২. যুগ্মসচিব (পাস) | - | সদস্য |
| ৩. যুগ্মসচিব (মওমূ) | - | সদস্য |
| ৪. যুগ্মসচিব (অডিট) | - | সদস্য |
| ৫. যুগ্মসচিব (উন্নয়ন) | - | সদস্য |
| ৬. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২) | - | সদস্য |
| ৭. যুগ্মসচিব (প্রশাসন) | - | সদস্য |
| ৮. যুগ্মসচিব (পলিসি সাপোর্ট) | - | সদস্য |
| ৯. উপসচিব (সিক-১) | - | সদস্য |
| ১০. সিনিয়র সহকারী সচিব (সমন্বয় ও কাউন্সিল) | - | সদস্য |
| ১১. উপসচিব (প্রশাসন-২) | - | সদস্য-সচিব |

৩.৩ অনুবিভাগ প্রধানগণের নেতৃত্বে প্রত্যেক দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান প্রধান/প্রতিনিধির সমন্বয়ে পৃথক পৃথক উপ-কমিটি গঠন করতে হবে; [বাস্তবায়নে: অনুবিভাগ প্রধান (সকল)]

৩.৪ প্রকাশনা কমিটি উপ-কমিটিসমূহ হতে প্রাপ্ত প্রতিবেদন/লেখা সংকলিত (Compile) করে স্মরণিকা/বই আকারে প্রকাশ করবেন। [বাস্তবায়নে: প্রকাশনা কমিটি/অতিরিক্ত সচিব (প্রশাসন)]

০৪. পরিশেষে, সভাপতি সংশ্লিষ্ট সকলকে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে অর্পিত দায়িত্ব পালনের আহবান ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/১০/২০২১

হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ

নম্বর-৪৬.০০.০০০০.০৪১.৩৩.০০৩.২০২১-১৪৩০

তারিখ: ১০ কার্তিক ১৪২৮ / ২৬ অক্টোবর ২০২১

**বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অনুবিভাগ প্রধান (সকল), স্থানীয় সরকার বিভাগ।
২. দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠান প্রধান (সকল)।
৩. অধিশাখা প্রধান (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৪. শাখা প্রধান (সকল), স্থানীয় সরকার বিভাগ।

**অনুলিপি:**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৬.১০.২০২১

মোহাম্মদ শামছুল ইসলাম
উপসচিব
ফোন: ৯৫৭৫৫৭৬
lgadmin2@lgd.gov.bd